রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, অক্টোবর ১৩, ২০১৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়**
**বন-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৪ আশ্বিন ১৪২৬বঙ্গাব্দ/ ২৯ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

**এস.আর.ও নম্বর ৩০৮-আইন/২০১৯।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩৩ এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের অনুচ্ছেদ ১৪০(২) এর বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা বন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১৫ মে, ২০১১ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"কমিশন"** অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) **"তফসিল"** অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(গ) **"নিয়োগকারী কর্তৃপক্ষ"** অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত যে কোনো কর্মকর্তা;

(ঘ) **"পদ"** অর্থ তফসিলে উল্লিখিত কোনো পদ;

(ঙ) **"প্রয়োজনীয় যোগ্যতা"** অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(চ) **"শিক্ষানবিশ"** অর্থ কোনো পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি;

(ছ) "সিজিপিএ" অর্থ Cumulative Grade Point Average (CGPA);

(জ) **"স্বীকৃত বিশ্ববিদ্যালয়"** বা **"স্বীকৃত বোর্ড"** বা **"স্বীকৃত প্রতিষ্ঠান"** বা **"স্বীকৃত ইনস্টিটিউট"** অর্থ আপাতত বলবৎ কোনো আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ড, প্রতিষ্ঠান বা ইনস্টিটিউটকে বুঝাইবে এবং এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য যে কোনো বিশ্ববিদ্যালয়, শিক্ষা বোর্ড, প্রতিষ্ঠান বা ইনস্টিটিউটও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি সাপেক্ষে, কোনো শূন্য পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা যাইবে, যথা :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলির মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা হইবে না, যদি না তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এমন কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে, ও তদন্তের ফলে দেখা যায় না যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরমে ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি কিংবা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকাকালীন স্বীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, ১৩—১৬ গ্রেডের কোনো পদ হইতে ১০—১২ গ্রেডের কোনো পদে এবং ১০—১২ গ্রেডের কোনো পদ হইতে ৯ম বা তদূর্দ্ধ গ্রেডের কোনো পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোনো ব্যক্তির চাকরি বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে, তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিশি।**—(১) কোনো স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোনো শিক্ষানবিশির মেয়াদ এইরূপ বর্ধিত করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যেই ক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশি মেয়াদকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশি মেয়াদ চলাকালে কোনো শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবেন এবং স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি চাকরিতে যোগদানের তারিখ হইতে চাকরিতে স্থায়ী হইবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না, সরকারি আদেশবলে সময় সময়, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন:

তবে শর্ত থাকে যে, যে সকল কর্মচারীর বয়স ৫০ (পঞ্চাশ) বৎসর উত্তীর্ণ হইয়াছে সেই সকল কর্মচারীকে তফসিলে বর্ণিত পদের শিক্ষানবিশকাল শেষ হইবার ১ (এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

৭। **বিশেষ বিধান।**—(১) তফসিলে উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোনো ভগ্নাংশ আসিলে উভয় কোটার ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

(২) পেট্রল গার্ড, ডেসপাচ রাইডার, লিফট অপারেটর, ওয়াচার, বাংলো চৌকিদার/কটেজ কিপার, নৌকা চালক, মালী, ল্যাবরেটরি বেয়ারা, মাহুত, টেন্ডল, ডেক কেশব, ইঞ্জিন রুম কেশব, গ্রিজার/ফায়ার গ্রিজার, লস্কর/খালাশী, ওয়েলম্যান, ইলেকট্রিক স্ট্রোকার, টেন্ডল স্ট্রোকার, ওয়াটার ক্যারিয়ার, ওয়াটার ক্যারিয়ার হেলপার, গ্রাস কাটার, নিরাপত্তা প্রহরী ও পরিচ্ছন্নতা কর্মী পদে কর্মরত কোনো কর্মচারীর পদ পদোন্নতি, অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে—

(ক) উহার বিপরীতে "আউট সোর্সিং (outsourcing) এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী সেবা গ্রহণ করা হইবে; এবং

(খ) উক্ত পদ হইতে কোনো পদে পদোন্নতির বিধান কার্যকর থাকিবে না।

৮। **হেফাজত।**—(১) সিভিল আপীল নং ৪৮/২০১১ এ সুপ্রীম কোর্টের আপীল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সামরিক আইনকে অসাংবিধানিক ঘোষণাপূর্বক উহার বৈধতা প্রদানকারী সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ (১৯৮৬ সনের ১নং আইন) বাতিল ঘোষিত হওয়ায় Forest Department Officers and Stuff Recruitment Rules,1985, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, বিলুপ্ত হইয়াছে।

(২) উক্তরূপে বিলুপ্ত হওয়া সত্ত্বেও—

(ক) বিলুপ্তির পূর্বে উক্ত Rules এর অধীন নিয়োগপ্রাপ্তদের নিয়োগ এবং উহার ধারাবাহিকতায় প্রাপ্ত প্রশিক্ষণ, শিক্ষানবিশিসহ চাকরিতে স্থায়ীকরণ, পদোন্নতি ও অর্জিত অধিকারসমূহ এমনভাবে চলমান থাকিবে যেন উহা এই বিধিমালার বিধান অনুযায়ী প্রাপ্ত ও অর্জিত হইয়াছে; এবং

(খ) বিলুপ্তির পরবর্তীতে—

(অ) এই বিধিমালার কার্যকরতার তারিখ এবং ইহার জারির তারিখের অন্তর্বর্তীকালীন সময়ে নিয়োগপ্রাপ্তগণের নিয়োগ এবং উহার ধারাবাহিকতায় প্রাপ্ত প্রশিক্ষণ, শিক্ষানবিশিসহ চাকরিতে স্থায়ীকরণ, পদোন্নতি ও অর্জিত অধিকারসমূহ, যদি থাকে, এমনভাবে চলমান থাকিবে যেন উহা এই বিধিমালার বিধান অনুযায়ী প্রাপ্ত ও অর্জিত হইয়াছে; এবং

(আ) কোনো কার্যক্রম অনিষ্পন্ন থাকিলে উহা, এই বিধিমালার বিধানের সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

**তফসিল ১**

**[বিধি ২(খ) দ্রষ্টব্য]**

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | কম্পিউটার প্রোগ্রামার | অনূর্ধ্ব ৩৫ বৎসর | পদোন্নতির মাধ্যমে: তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি বা প্রেষণে বদলি মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সহকারী কম্পিউটার প্রোগ্রামার হিসাবে অন্যূন ০৭ (সাত) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স (CS), কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (CSE), ইলেট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং (EEE) বা ইনফরমেশন এন্ড শনকমিউনিকে টেকনোলজি বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) সিনিয়র কম্পিউটার অপারেটর, সহকারী প্রোগ্রামার বা রক্ষণাবেক্ষণ প্রকৌশলী হিসাবে ০৪ (চার) বৎসরের চাকরি; এবং<br>(গ) কমিশন কর্তৃক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>**প্রেষণে নিয়োগের ক্ষেত্রে:**<br>সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ সমপদমর্যাদাসম্পন্ন প্রজাতন্ত্রের কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে বদলি। |
| ২ | চিফ ইনস্ট্রাক্টর | - | পদোন্নতির মাধ্যমে | সিনিয়র ইনস্ট্রাক্টর পদে ০৩ (তিন) বৎসরের চাকরি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩ | সিনিয়র রিসার্চ অফিসার | - | পদোন্নতির মাধ্যমে | রিসার্চ অফিসার পদে ০৭ (সাত) বৎসরের চাকরি। |
| ৪ | সিনিয়র বোটানিস্ট | - | পদোন্নতির মাধ্যমে | বোটানিস্ট পদে ০৭ (সাত) বৎসরের চাকরি। |
| ৫ | সিনিয়র ইনস্ট্রাক্টর | - | পদোন্নতির মাধ্যমে | ইনস্ট্রাক্টর পদে ০৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৬ | কিউরেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্লান্ট ট্যাক্সোনমিসহ উদ্ভিদ বিজ্ঞান বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>অথবা'<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্লান্ট ট্যাক্সোনমিসহ উদ্ভিদ বিজ্ঞান বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪(চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ৭ | সোসিওলজিস্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সমাজ বিজ্ঞান বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>অথবা'<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সমাজ বিজ্ঞান বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪(চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ৮ | ইনস্ট্রাক্টর<br>ডিসিপ্লিন পদসংখ্যা<br>বনবিদ্যা ২টি<br>জীববিজ্ঞান ১টি<br>অর্থনীতি ১টি<br>মৃত্তিকাবিজ্ঞান ১টি<br>রসায়ন ১টি<br>পদার্থবিদ্যা ১টি<br>বাংলা ১টি<br>সিভিল ইঞ্জিনিয়ারিং ১টি<br>গণিত ১টি<br>ইংরেজি ১টি<br>সমাজবিজ্ঞান ১টি | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৭৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>(খ) ২৫ % পদ পদোন্নতির মাধ্যমে: পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>ডেমোনেস্ট্রেটর পদে ০৭ (সাত) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>অথবা'<br>সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) সিভিল ইঞ্জিনিয়ারিং এর ক্ষেত্রে সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৯ | সহকারী কম্পিউটার প্রোগ্রামার | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৪০% পদ পদোন্নতির মাধ্যমে;<br>(খ) ৬০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার অপারেটর পদে ০৭ (সাত) বৎসরের চাকরি;<br>অথবা<br>(ক) ডাটা এন্ট্রি অপারেটর পদে ১৫ (পনেরো) বৎসরের চাকরি; এবং<br>(খ) কমিশন কর্তৃক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স (CS), কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (CSE), ইলেট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং (EEE) বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কমিশন কর্তৃক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১০ | গণসংযোগ কর্মকর্তা / এমও,সি, | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে: যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যেমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>গণযোগাযোগ ও সাংবাদিকতা বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>অথবা’<br>গণযোগাযোগ ও সাংবাদিকতা বিষয়ে ০৪ (চার) বৎসরের স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>**প্রেষণে নিয়োগের ক্ষেত্রে:**<br>প্রজাতন্ত্রের সমপদমর্যাদা সম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে বদলি। |
| ১১ | হিসাব রক্ষণ কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে: পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) প্রশাসনিক কর্মকর্তা পদে ০৩ (তিন) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে একাউন্টিং, ফিন্যান্স বা ব্যাংকিং বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে একাউন্টিং, ফিন্যান্স বা ব্যাংকিং বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ১২ | রিসার্চ অফিসার<br>ডিসিপ্লিন/বিষয় পদসংখ্যা<br>বন্যপ্রাণী ১টি<br>উদ্ভিদ উদ্যান ২টি<br>পরিকল্পনা ৪টি<br>সামাজিক বন ১টি<br>পরিবীক্ষণ ও মূল্যায়ন ১টি<br>জি, আই, এস ১টি | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যেমে | (ক) **রিসার্চ অফিসার (বন্যপ্রাণী) নিয়োগের ক্ষেত্রে:** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বন্যপ্রাণী ব্যবস্থাপনা বা বন্যপ্রাণীসহ প্রাণিবিজ্ঞান বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>অথবা'<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বন্যপ্রাণী ব্যবস্থাপনা বা বন্যপ্রাণীসহ প্রাণিবিজ্ঞান বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>(খ) **রিসার্চ অফিসার (উদ্ভিদ উদ্যান) নিয়োগের ক্ষেত্রে:** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্লান্ট ট্যাক্সনমিসহ উদ্ভিদ বিজ্ঞান বা উদ্যানতত্ত্বসহ কৃষিতে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>অথবা'<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্লান্ট ট্যাক্সনমিসহ উদ্ভিদ বিজ্ঞান বা উদ্যানতত্ত্বসহ কৃষিতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>(গ) **রিসার্চ অফিসার (পরিকল্পনা) নিয়োগের ক্ষেত্রে:** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি, ফিন্যান্স, পরিসংখ্যান বা কৃষি অর্থনীতিতে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>অথবা'<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি, ফিন্যান্স, পরিসংখ্যান বা কৃষি অর্থনীতিতে বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | (ঘ) **রিসার্চ অফিসার (সামাজিক বন) নিয়োগের ক্ষেত্রে:** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সামাজিক বনায়ন, কৃষি বনায়নসহ বনবিদ্যা বা কৃষি বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>অথবা'<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সামাজিক বনায়ন, কৃষি বনায়নসহ বনবিদ্যা বা কৃষি বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>(ঙ) **রিসার্চ অফিসার (পরিবীক্ষণ ও মূল্যায়ন) নিয়োগের ক্ষেত্রে:** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে জি, আই, এস বিষয়সহ বনবিদ্যা বা ভূগোল বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>অথবা'<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে জি, আই, এস বিষয়সহ বনবিদ্যা বা ভূগোল বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি।<br>(চ) **রিসার্চ অফিসার (জি, আই, এস) নিয়োগের ক্ষেত্রে :** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে জি, আই, এস বিষয়সহ বনবিদ্যা বা ভূগোল বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>অথবা'<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে জি, আই, এস বিষয়সহ বনবিদ্যা বা ভূগোল বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি। |
| ১৩ | বোটানিস্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যেমে | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে উদ্ভিদবিদ্যা বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে উদ্ভিদবিদ্যা বিষয়ে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৪ | লাইব্রেরিয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে: তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) সহকারী লাইব্রেরিয়ান পদে ০৭ (সাত) বৎসরের চাকরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>অথবা’<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ১৫ | ভেটেরিনারি সার্জন | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে: তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সহকারী ভেটেরিনারি সার্জন পদে অন্যূন ০৫ বৎসরের (পাঁচ) চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ডক্টর অব ভেটেরিনারি মেডিসিনে স্নাতক। |
| ১৬ | ফিজিক্যাল/পি.টি ইন্সট্রাক্টর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে শারীরিক শিক্ষা বিষয়ে স্নাতক;<br>(খ) সামরিক শিক্ষা ও শারীরিক প্রশিক্ষণ বিষয়ে অভিজ্ঞতা; এবং<br>(গ) অবসরপ্রাপ্ত সামরিক বাহিনীর সদস্যগণ অগ্রাধিকার পাইবেন। |
| ১৭ | ডেমোনেস্ট্রেটর<br><br>ডিসিপ্লিন/বিষয় পদসংখ্যা<br>জীব বিজ্ঞান (প্রাণি/উদ্ভিদ) ১টি<br>ভৌত বিজ্ঞান (পদার্থ/ রসায়ন) ১টি<br>মৃত্তিকা বিজ্ঞান ১টি | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৮ | ডেমোনেস্ট্রেটর (সিভিল ইঞ্জিনিয়ারিং) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বোর্ড হইতে সিভিল ইঞ্জিনিয়ারিং-এ ০৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা। |
| ১৯ | সহকারী লাইব্রেরিয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে: তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>লাইব্রেরি অ্যাসিস্টেন্ট পদে ০৭ বৎসরের (সাত) চাকরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে ডিপ্লোমাসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) ডিজিটাল লাইব্রেরি ব্যবস্থাপনায় দক্ষতা। |
| ২০ | সহকারী ভেটেরিনারি সার্জন | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ডক্টর অব ভেটেরিনারি মেডিসিনে স্নাতক ডিগ্রি;<br>অথবা<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএতে ০৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা। |
| ২১ | প্রশাসনিক কর্মকর্তা | .. | পদোন্নতির মাধ্যমে | প্রধান সহকারী বা সাঁট লিপিকার কাম কম্পিউটার অপারেটর পদে ০৫ (পাঁচ) বৎসরের চাকরী। |
| ২২ | ফরেস্ট রেঞ্জার / ওয়াইল্ড লাইফ-সুপার ভাইজার | .. | (ক) ৭০% পদ পদোন্নতির মাধ্যমে;<br>(খ) ৩০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) ওয়াইল্ডলাইফ ওয়ার্ডেন পদে ০২ বৎসর বা ডেপুটি রেঞ্জার পদে ০৫ (পাঁচ) চাকরী; এবং<br>(খ) ফরেস্টার কোর্সসম্পন্ন বা ডিপ্লোমা ইন ফরেস্ট্রি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বন বিদ্যা, উদ্ভিদ বিজ্ঞান, প্রাণিবিদ্যা, মৃত্তিকা বা পানি ও পরিবেশ বিজ্ঞান বিষয়ে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৩ | ফিল্ড ইনভেস্টিগেটর | - | (ক) ৭০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৩০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) ওয়াইল্ড লাইফ ওয়ার্ডেন পদে ০২ বৎসর বা ডেপুটি রেঞ্জার পদে ০৫ (পাঁচ) চাকরি; এবং<br>(খ) ফরেস্টার কোর্সসম্পন্ন বা ডিপ্লোমা ইন ফরেস্ট্রি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বন বিদ্যা, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিদ্যা, মৃত্তিকা বা পানি ও পরিবেশ বিজ্ঞান বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ২৪ | ড্রাফটসম্যান (ডিপ্লোমাধারী) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বোর্ড হইতে ০৪ (চার) বৎসর মেয়াদি সার্ভে বা সিভিল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা। |
| ২৫ | কম্পিউটার অপারেটর | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ২৬ | ফোরম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা; এবং<br>(খ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৭ | মেকানিক্যাল সুপারভাইজার/ মেকানিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা; এবং<br>(খ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৮ | ওয়াইল্ডলাইফ ওয়ার্ডেন | - | পদোন্নতির মাধ্যমে | জুনিয়র ওয়াইল্ডলাইফ স্কাউট পদে ১২ (বারো) বৎসরের চাকরি। |
| ২৯ | ইঞ্জিন ড্রাইভার/ইঞ্জিনম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ সহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) দ্বিতীয় শ্রেণির ইঞ্জিন ড্রাইভার যোগ্যতা সনদ; এবং<br>(গ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩০ | প্রধান সহকারী | - | ৩০% উচ্চমান সহকারী, ২০% ক্যাশিয়ার, ৩০% হিসাব রক্ষক এবং ২০% সাঁটমুদ্রাক্ষরিক কাম- কম্পিউটার অপারেটর পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে | উচ্চমান সহকারী, ক্যাশিয়ার, হিসাব রক্ষক বা সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৩১ | সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে: তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>(ক) সাঁটমুদ্রাক্ষরিক কাম- কম্পিউটার অপারেটর পদে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকুরি; এবং<br>(খ) তফসিল ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩২ | সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার রেটরঅপা | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) তফসিল ২ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৩ | উচ্চমান সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৮০% পদ পদোন্নতির মাধ্যমে;<br>(খ) ২০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে ০৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৪ | ক্যাশিয়ার | - | পদোন্নতির মাধ্যমে | (ক) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে ০৫ (পাঁচ) বৎসরের চাকরি; এবং<br>(খ) বিধি মোতাবেক নিরাপত্তা জামানত প্রদানে সক্ষম। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩৫ | হিসাব রক্ষক | - | পদোন্নতির মাধ্যমে | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে ০৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৩৬ | ডেপুটি রেঞ্জার | - | পদোন্নতির মাধ্যমে | (ক) ফরেস্টার পদে ০৪ (চার) বৎসরের চাকরি; এবং<br>(খ) ফরেস্টার কোর্স সম্পন্ন বা ডিপ্লোমা ইন ফরেস্ট্রি। |
| ৩৭ | বেতার যন্ত্র চালক/ ওয়ারলেস অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর: তবে প্রতিরক্ষা বাহিনীর সিগন্যাল কোরের অবসরপ্রাপ্তগণের জন্য ৪০ বৎসর পর্যন্ত বয়স শিথিলযোগ্য | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) (অ) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(আ) সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স উত্তীর্ণ;<br>অথবা'<br>প্রতিরক্ষা বাহিনীর সিগন্যাল কোরের অবসরপ্রাপ্ত সদস্য; এবং<br>(খ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৮ | জেনারেটর কাম ইলেকট্রিশিয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) (অ) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(আ) ইলেক্ট্রিক্যাল ট্রেড কোর্স উত্তীর্ণ; এবং<br>(ই) সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা;<br>অথবা'<br>(অ) কোনো স্বীকৃত বোর্ড হইতে ইলেক্ট্রিক্যাল ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(আ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা;<br>(খ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৯ | ড্রাফটসম্যান (নন-ডিপ্লোমাধারী) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ড্রাফটসম্যান ট্রেড কোর্স উত্তীর্ণ;এবং<br>(গ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪০ | ফরেস্টার | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক)৩৩ %পদ পদোন্নতির মাধ্যমে;<br>(খ) ৬৭ %পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br>(খ) বন প্রহরী, জুনিয়র ওয়াইল্ড লাইফ স্কাউট পদে ০৫ (পাঁচ) বৎসরের চাকুরি;<br>(গ) সরকার কর্তৃক অনুমোদিত ফরেস্ট্রি ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে ডিপ্লোমা ইন ফরেস্ট্রি;<br>(খ) উচ্চতা ১৬৩ সে .মি.ও বুকের মাপ ৭৬ সে.মি.; এবং<br>(গ) তফসিল ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪১ | সারেং | অনূর্ধ্ব ৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br>(খ) দ্বিতীয় শ্রেণির মাস্টার যোগ্যতা সনদ; এবং<br>(গ) তফসিল ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪২ | অডিওভিজুয়াল ইক্যুইপমেন্ট অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br>(খ) অডিওভিজুয়াল বা সমমানের ট্রেড কোর্স উত্তীর্ণ;<br>(গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা;এবং<br>(ঘ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৩ | ওভারসিয়ার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স উত্তীর্ণ; এবং<br>(গ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪৪ | সার্ভেয়ার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে সার্ভে ডিপ্লোমা;<br>(খ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৫ | ইলেকট্রিশিয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে: তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>ইলেকট্রিক স্ট্রোকার বা টেন্ডল স্ট্রোকার পদে ০৮ (আট) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) (অ) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(আ) ইলেক্ট্রিক্যাল ট্রেড কোর্স উত্তীর্ণ; এবং<br>(ই) সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা;<br>**অথবা,**<br>(অ) কোনো স্বীকৃত বোর্ড হইতে ইলেক্ট্রিক্যাল ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(আ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা;<br>(খ) তফসিল ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ |
| ৪৬ | পাম্প অপারেটর/ডিপ টিউবওয়েল অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) (অ) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(আ) ইলেক্ট্রিক্যাল ট্রেড কোর্স উত্তীর্ণ; এবং<br>(ই) সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা;<br>**অথবা'**<br>(অ) কোনো স্বীকৃত বোর্ড হইতে ইলেক্ট্রিক্যাল ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(আ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা;<br>(খ) তফসিল ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪৭ | টার্নার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) (অ) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(আ) সংশ্লিষ্ট ট্রেড কোর্স উত্তীর্ণ; এবং<br>(ই) সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা;<br>**অথবা’**<br>(অ) কোনো স্বীকৃত বোর্ড হইতে সংশ্লিষ্ট ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(আ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা;<br>(খ) তফসিল ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৮ | ফিটার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) (অ) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(আ) সংশ্লিষ্ট ট্রেড কোর্স উত্তীর্ণ; এবং<br>(ই) সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা;<br>**অথবা’**<br>(অ) কোনো স্বীকৃত বোর্ড হইতে সংশ্লিষ্ট ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(আ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা;<br>(খ) তফসিল ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৯ | ইলেকট্রিক জেনারেটর ড্রাইভার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) (অ) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(আ) ইলেক্ট্রিক্যাল ট্রেড কোর্স উত্তীর্ণ; এবং<br>(ই) সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা;<br>**অথবা’**<br>(অ) কোনো স্বীকৃত বোর্ড হইতে ইলেক্ট্রিক্যাল ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(আ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা;<br>(খ) তফসিল ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫০ | কর্মকার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা;<br>(গ) তফসিল ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ ; এবং<br>(ঘ) কামার সম্প্রদায়ের প্রার্থীগণ অগ্রাধিকার পাইবেন। |
| ৫১ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৩০% পদ পদোন্নতির মাধ্যমে;<br>(খ) ৭০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ক্যাশ সরকার পদে ০২ (দুই) বৎসর, ফটোকপি অপারেটর পদে ০৩ (তিন) বৎসর, ডেসপাচ রাইডার পদে ০৪ (চার) বৎসর বা অফিস সহায়ক পদে ০৭ (সাত) বৎসর;<br>অথবা,<br>ফটোকপি অপারেটর, ডেসপাস রাইডার বা অফিস সহায়ক পদে সম্মিলিতভাবে ০৭ (সাত) বৎসর;<br>অথবা,<br>ফটোকপি অপারেটর বা অফিস সহায়ক পদে সম্মিলিতভাবে ০৭ (সাত) বৎসর;<br>অথবা<br>ডেসপাস রাইডার বা অফিস সহায়ক পদে সম্মিলিতভাবে ০৭ (সাত) বৎসরের চাকরি; এবং<br>(গ) তফসিল ৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>**সরাসরি নিয়োগের মাধ্যমে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল ২ ও ৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫২ | কার্পেন্টার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) (অ) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(আ) সংশ্লিষ্ট ট্রেড কোর্স উত্তীর্ণ; এবং<br>(ই) সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা;<br>অথবা<br>(অ) কোনো স্বীকৃত বোর্ড হইতে সংশ্লিষ্ট ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(আ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা;<br>(খ) তফসিল ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ । |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫৩ | গাড়ী চালক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি বা কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত বৈধ ড্রাইভিং লাইসেন্স;<br>(গ) হালকা বা ভারী যানবাহন চালনায় পারদর্শী; এবং<br>(ঘ) তফসিল ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫৪ | স্পিড বোট ড্রাইভার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) (অ) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(আ) স্পিড বোট ড্রাইভার হিসাবে ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা;<br>অথবা<br>(অ) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(আ) স্পিড বোট অপারেটর সনদধারী ;এবং<br>(খ) তফসিল ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫৫ | ট্রলার ড্রাইভার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) (অ) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(আ) ট্রলার ড্রাইভার হিসাবে ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা;<br>অথবা<br>(অ) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(আ) সুকানী সনদধারী ;এবং<br>(খ) তফসিল ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ । |
| ৫৬ | ট্রাক হেলপার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি বা কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী;<br>(গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা; এবং<br>(ঘ) তফসিল ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫৭ | কম্পাউন্ডার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে ভেটেরিনারি বা লাইভস্টক বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত;<br>অথবা<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে ভেটেরিনারি বা লাইভস্টক বিষয়ে ডিপ্লোমা; এবং<br>(গ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫৮ | ডাটা এন্ট্রি অপারেটর | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৫৯ | প্লাম্বার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) (অ) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(আ) সংশ্লিষ্ট ট্রেড কোর্স উত্তীর্ণ; এবং<br>(ই) সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা;<br>অথবা<br>(অ) কোনো স্বীকৃত বোর্ড হইতে সংশ্লিষ্ট ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(আ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা; এবং<br>(খ) তফসিল ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬০ | লাইব্রেরি অ্যাসিস্ট্যান্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬১ | স্টোর কিপার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬২ | স্টোর অ্যাসিস্ট্যান্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬৩ | পাম্প মেশিন অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ইলেক্ট্রিক্যাল ট্রেড কোর্স উত্তীর্ণ; এবং<br>(গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা।<br>অথবা |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে ইলেক্ট্রিক্যাল ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা; এবং<br>(গ) তফসিল ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬৪ | বন প্রহরী | অনূর্ধ্ব ৩০ বৎসর। | (ক) ৩৩% পদ পদোন্নতির মাধ্যমে;<br>(খ) ৬৭ % পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) ওয়াচার, পেট্রোল গার্ড, বাংলো চৌকিদার, নৌকা চালক, মালী, অফিস সহায়ক, নিরাপত্তা প্রহরী বা গ্রাস কাটার পদে ০৮ (আট) বৎসরের অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) উচ্চতা ১৬৩ সে .মি.ও বুকের মাপ ৭৬ সে.মি.; এবং<br>(গ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬৫ | জুনিয়র ওয়াইল্ড লাইফ স্কাউট | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৩৩% পদ পদোন্নতির মাধ্যমে;<br>(খ) ৬৭ % পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) ওয়াচার, পেট্রোল গার্ড, বাংলো চৌকিদার, নৌকা চালক, মালী, অফিস সহায়ক, নিরাপত্তা প্রহরী বা গ্রাস কাটার পদে ০৮ (আট) বৎসরের অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) উচ্চতা ১৬৩ সে .মি.ও বুকের মাপ ৭৬ সে.মি.; এবং<br>(গ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬৬ | ক্যাশ সরকার | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে: তবে পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) রেকর্ড সাপ্লাইয়ার পদে ০২ (দুই) বৎসর বা অফিস সহায়ক পদে ০৫ (পাঁচ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৬৭ | ওয়েল্ডার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি বা কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সংশ্লিষ্ট ট্রেড কোর্স উত্তীর্ণ; এবং<br>(গ) তফসিল ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬৮ | সুকানী | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে: তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>ডেক কেশব বা টেন্ডল পদে ০৩ (তিন) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি বা কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সংশ্লিষ্ট কাজে ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা; এবং<br>(গ) তফসিল ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬৯ | রেকর্ড সাপ্লাইয়ার | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে: তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) অফিস সহায়ক পদে ০৪ (চার) বৎসরের চাকুরি; এবং<br>(খ) দাপ্তরিক রেকর্ডপত্র ও ফাইল বিষয়ে জ্ঞান।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭০ | ফটোকপি অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে: তবে পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়ার ক্ষেত্রে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) ডেসপাচ রাইডার পদে অন্যূন ০২ (দুই) বৎসর বা অফিস সহায়ক পদে অন্যূন ০৪ (চার) বৎসরের চাকুরি; এবং<br>(খ) ফটোকপি মেশিন চালনায় অভিজ্ঞতা ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ফটোকপি মেশিন চালনায় ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা ; এবং<br>(গ) তফসিল ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭১ | বাবুর্চি | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি বা কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী;<br>(গ) দেশি ও বিদেশি খাবার রান্নার কাজে ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা; এবং<br>(ঘ) তফসিল ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| | | |
|---|---|---|
| ৭২ | পেট্রল গার্ড | বিধি ৭ এ উল্লিখিত বিধানাবলি প্রযোজ্য হইবে। |
| ৭৩ | ডেসপাচ রাইডার | বিধি ৭ এ উল্লিখিত বিধানাবলি প্রযোজ্য হইবে। |
| ৭৪ | লিফট অপারেটর | বিধি ৭ এ উল্লিখিত বিধানাবলি প্রযোজ্য হইবে। |
| ৭৫ | বন্যপ্রাণী রক্ষক | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউট সোর্সিং (outsourcing) এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। |
| ৭৬ | ওয়াইল্ড লাইফ স্কাউট | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউট সোর্সিং (outsourcing) এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। |
| ৭৭ | ওয়াচার | বিধি ৭ এ উল্লিখিত বিধানাবলি প্রযোজ্য হইবে। |
| ৭৮ | বাংলো চৌকিদার / কটেজ কিপার | বিধি ৭ এ উল্লিখিত বিধানাবলি প্রযোজ্য হইবে। |
| ৭৯ | নৌকা চালক | বিধি ৭ এ উল্লিখিত বিধানাবলি প্রযোজ্য হইবে। |
| ৮০ | মালী | বিধি ৭ এ উল্লিখিত বিধানাবলি প্রযোজ্য হইবে। |
| ৮১ | বাগান মালী | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউট সোর্সিং (outsourcing) এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। |
| ৮২ | ল্যাবরেটরি বেয়ারা | বিধি ৭ এ উল্লিখিত বিধানাবলি প্রযোজ্য হইবে |
| ৮৩ | মাহুত | বিধি ৭ এ উল্লিখিত বিধানাবলি প্রযোজ্য হইবে |
| ৮৪ | টেন্ডল | বিধি ৭ এ উল্লিখিত বিধানাবলি প্রযোজ্য হইবে। |
| ৮৫ | ডেক কেশব | বিধি ৭ এ উল্লিখিত বিধানাবলি প্রযোজ্য হইবে। |
| ৮৬ | ইঞ্জিন রুম কেশব | বিধি ৭ এ উল্লিখিত বিধানাবলি প্রযোজ্য হইবে। |
| ৮৭ | গ্রিজার/ফায়ার গ্রিজার | বিধি ৭ এ উল্লিখিত বিধানাবলি প্রযোজ্য হইবে। |
| ৮৮ | লস্কর/খালাশী | বিধি ৭ এ উল্লিখিত বিধানাবলি প্রযোজ্য হইবে। |
| ৮৯ | ওয়েলম্যান | বিধি ৭ এ উল্লিখিত বিধানাবলি প্রযোজ্য হইবে। |
| ৯০ | ইলেকট্রিক স্ট্রোকার | বিধি ৭ এ উল্লিখিত বিধানাবলি প্রযোজ্য হইবে। |
| ৯১ | টেন্ডল স্ট্রোকার | বিধি ৭ এ উল্লিখিত বিধানাবলি প্রযোজ্য হইবে। |
| ৯২ | ট্রাক্টর হেলপার | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউট সোর্সিং (outsourcing) এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। |
| ৯৩ | ওয়াটার ক্যারিয়ার | বিধি ৭ এ উল্লিখিত বিধানাবলি প্রযোজ্য হইবে। |
| ৯৪ | ওয়াটার ক্যারিয়ার হেলপার | বিধি ৭ এ উল্লিখিত বিধানাবলি প্রযোজ্য হইবে। |
| ৯৫ | বাংলো এটেনডেন্ট | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউট সোর্সিং (outsourcing) এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। |
| ৯৬ | হেলপার | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউট সোর্সিং (outsourcing) এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৯৭ | ল্যাবরেটরি এটেনডেন্ট | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউট সোর্সিং (outsourcing) এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। | | |
| ৯৮ | গেইটম্যান | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউট সোর্সিং (outsourcing) এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। | | |
| ৯৯ | ড্রেসার | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউট সোর্সিং (outsourcing) এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। | | |
| ১০০ | গ্রাস কাটার | বিধি ৭ এ উল্লিখিত বিধানাবলি প্রযোজ্য হইবে। | | |
| ১০১ | অফিস সহায়ক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী ; এবং<br>(গ) তফসিল ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১০২ | নিরাপত্তা প্রহরী | বিধি ৭ এ উল্লিখিত বিধানাবলি প্রযোজ্য হইবে। | | |
| ১০৩ | সহকারী বাবুর্চি | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউট সোর্সিং (outsourcing) এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। | | |
| ১০৪ | পরিচ্ছন্নতা কর্মী | বিধি ৭ এ উল্লিখিত বিধানাবলি প্রযোজ্য হইবে। | | |

**তফসিল ২**

**[বিধি ২(খ) দ্রষ্টব্য]**

| ক্রমিক নম্বর | পরীক্ষা ও বিষয়ের নাম | মোট নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| | (ক) লিখিত পরীক্ষা | ১০০ | ৫০% | ৯০ মিনিট |
| ১। | বাংলা | ৩০ | | |
| ২। | ইংরেজি | ৩০ | | |
| ৩। | গণিত | ২০ | | |
| ৪। | প্রাসঙ্গিক টেকনিক্যাল/সাধারণ জ্ঞান | ২০ | | |
| | (খ) মৌখিক পরীক্ষা | ১০ | | |
| সর্বমোট- ১১০ | | | | |

ব্যাখ্যা: (১) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচনা করা হইবে; এবং

(২) সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর; সাঁট-মুদ্রাক্ষরিক-কাম কম্পিউটার অপারেটর, ও অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের ক্ষেত্রে লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচনা করা হইবে।

**তফসিল ৩**

**[বিধি ২(খ) দ্রষ্টব্য]**

| ক্রমিক নম্বর | পরীক্ষা ও বিষয়ের নাম | মোট নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| | (ক) লিখিত পরীক্ষা | ৪০ | ৫০% | ৬০ মিনিট |
| ১. | বাংলা | ১৫ | | |
| ২. | ইংরেজি | ১৫ | | |
| ৩. | গণিত | ১০ | | |
| | (খ) মৌখিক পরীক্ষা | ১০ | | |
| সর্বমোট- ৫০ | | | | |

ব্যাখ্যা : (১) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবে।

(২) গাড়ী চালক ও ডেসপাচ রাইডার পদের ক্ষেত্রে লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচনা করা হইবে।

**তফসিল ৪**

**[বিধি ২(খ) দ্রষ্টব্য]**

| পদের নাম | ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজি পরীক্ষার মোট নম্বর | বাংলা পরীক্ষার মোট নম্বর | প্রতি বিষয়ে পাস নম্বর | ইংরেজি পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|
| সাঁটলিপি | | | | | | | |
| সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | ৮০ শব্দ | ৫০ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫ মিনিট | ৫ মিনিট |
| সাঁট মুদ্রাক্ষরিক-কাম- কম্পিউটার অপারেটর | ৭০ শব্দ | ৪৫ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫ মিনিট | ৫ মিনিট |
| কম্পিউটার মুদ্রাক্ষর | | | | | | | |
| সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ১০ মিনিট | ১০ মিনিট |
| সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ১০ মিনিট | ১০ মিনিট |

**ব্যাখ্যা :** (১) সাঁট-লিপি নোট প্রতিলিপিকরণ (Transcribe) এর জন্য ৩০ মিনিট সময় বরাদ্দ থাকিবে;

(২) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোন গতি অর্জিত হয় নাই বলিয়া গণ্য করা হইবে;

(৩) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য করা হইবে;

(৪) সর্বনিম্ন গতিকে পাস নম্বর (৪০%) হিসাবে গণ্য করা হইবে; এবং

(৫) সাঁট-লিপি ও কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচনা করা হইবে।

**তফসিল ৫**
**[বিধি ২(খ) দ্রষ্টব্য]**

| পদের নাম | ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজি কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষায় মোট নম্বর | বাংলা কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষায় মোট নম্বর | প্রতি বিষয়ে পাস নম্বর | ইংরেজি পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|
| অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ২০ শব্দ | ২০ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ১০মিনিট | ১০মিনিট |

**ব্যাখ্যা :** (১) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ০৫টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য করা হইবে;

(২) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোন গতি অর্জিত হয় নাই বলিয়া গণ্য করা হইবে;

(৩) সর্বনিম্ন গতিকে পাস নম্বর (৪০%) হিসাবে গণ্য করা হইবে; এবং

(৪) কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচনা করা হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবদুল্লাহ আল মোহসীন চৌধুরী**
সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd